# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পুরুষের সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দাড়ি ছাঁটা

দাড়ির সীমা; দুই গণ্ড ও তার পার্শ্বদ্বয় এবং চিবুকের লোমকে দাড়ি বলা হয়; যেমন আভিধানিকদের কথা এটাই প্রমাণ করে। আর রসূল (ﷺ) বলেছেন, “তোমরা দাড়ি বৃদ্ধি কর।” কিন্তু দাড়িকে কোন শরয়ী সীমায় সীমাবদ্ধ করেননি। আর যখন দলীল বা উক্তি আসে অথচ তার কোন শরয়ী সীমা থাকে না তখন তাকে আভিধানিক সীমায় আরোপ করা হয়। তাছাড়া তিনি নিজে দাড়ি ছেঁটেছেন বা কাউকে ছাঁটতে আদেশ করেছেন বলে কোন সহীহ হাদীস নেই। আর এই জন্যই দাড়িকে নিজের অবস্থায় ছেড়ে দেওয়াই উত্তম।

অবশ্য যে সাহাবীগণ রসূল (ﷺ) এর উক্ত হাদীস বর্ণনা করেছেন, তাঁরা কোন কোন সময় এক মুঠোর অতিরিক্ত দাড়ি ছেঁটে সৌন্দর্য অবলম্বন করেছেন বলে একাধিকভাবে প্রমাণ রয়েছে। সুতরাং রসূল (ﷺ) এর ঐ আদেশকে সাহাবায়ে কেরামের বুঝ নিয়ে বুঝলে আমরা বুঝতে পারব যে, এক মুঠোর কম পরিমাণ ছোট করে কাটা বা ছাঁটা বৈধ নয় এবং এর অতিরিক্ত ছেঁটে ফেলা গোনাহর কাজ নয়।[1]

## ফুটনোট

[1]. সিলসিলাহ যয়ীফাহ ৫/৩৭৫-৩৮০

Source — https://www.hadithbd.com/books/link/?id=7507

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন